

প্রশ্নঃ ৫৮৯. ssalamu alaikum. doya kore sothik uttor diben..ami amn notepad e tik diye rakhi.kintu akta poste nicher likhata pelam..onksomoy mone rakha jyna ki ki korlam kotobar ba missing ase kina. শাইখ মুহাম্মাদ ইবনে সালাহ আল-উসাইমীন রাহিমাহুল্লাহ'কে মানুষ দৈনন্দিন আমলের যে চেক লিস্ট করেন অর্থাৎ, তিনি আজকে কত ওয়াক্ত নামাজ জামাতে পড়েছেন, কী কী করেছেন, কোন কোন আমল করেছেন 'এগুলো যদি করা হয় বা টিক চিহ্ন দেন—তার সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি জবাবে বলেন: এই পদ্ধতিটি শরী'য়তসম্মত নয়, বরং এটি বিদ'আত। এবং সম্ভবত এটি অন্তর থেকে আল্লাহ'র জন্য ইবাদতের মর্মার্থ ছিনিয়ে নেয়। এবং ইবাদতসমূহ যেন রুটিন মাসিক কাজে পরিণত হয়, যেমনটি তারা বলে। [সালাহ আল-উসাইমীন; মাজমু'উ ফাতাওয়া ওয়া রাসাইল, খন্ড নং ১৬, পৃষ্ঠা ১৭৫-১৭৬] - মানহাজুস সালাফ শাইখ আসিম আল হাকিমকে তাঁর টুইটারে চেকলিস্টের ছবি দেখিয়ে প্রশ্ন করলে তিনি বলেছিলেন এটা বিদআত। (৬ ডিসেম্বর ২০২৪)

চেক লিস্ট তৈরি করা এবং তা পূরণ করাকে ইবাদাতে অংশ মনে করা বিদআত।

তাছাড়া নিজের আমল ঠিক রাখার জন্য/আত্মসমালোচনার জন্য চেক লিস্ট তৈরি করা এবং পূরণ খুবই প্রশংসনীয় কাজ। এটি আমলের ধারাবাহিকতা রক্ষা করতে সাহায্য করে।

"হে মুমিনগণ! তোমরা আল্লাহকে ভয় করো। আর প্রত্যেক ব্যক্তির উচিত এটা দেখা যে, সে আগামীকালের (কিয়ামতের) জন্য কী অগ্রিম পাঠিয়েছে। তোমরা আল্লাহকে ভয় করো; তোমরা যা করো, আল্লাহ সে সম্পর্কে সম্যক অবহিত।"

— (সূরা হাশর, আয়াত: ১৮)

عَنْ أَبِي يَعْلَى، شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - : " الْكَيْسُ مَنْ دَانَ نَفْسَهُ وَعَمِلَ لِمَا بَعْدَ الْمَوْتِ وَالْعَاجِزُ مَنْ أَتْبَعَ نَفْسَهُ هَوَاهَا ثُمَّ تَمَنَّى عَلَى اللَّهِ

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন:

"সেই ব্যক্তিই বুদ্ধিমান/বিচক্ষণ, যে নিজের নফসের হিসাব গ্রহণ করে এবং মৃত্যুর পরবর্তী জীবনের জন্য আমল করে। আর ওই ব্যক্তি অক্ষম/নির্বোধ, যে নিজের নফসকে খেয়ালখুশির অনুসারী করে, অথচ আল্লাহর কাছে (জান্নাতের) প্রত্যাশা করে।"

— (তিরমিযী: ২৪৫৯, ইবনে মাজাহ: ৪২৬০)

আমিরুল মুমিনীন ওমর ইবনুল খাত্তাব (রা.) বলতেন:

"তোমাদের হিসাব (কিয়ামতে) নেওয়ার আগেই তোমরা নিজেদের হিসাব নিজেরা নাও। তোমাদের আমল ওজন করার আগেই নিজেরা তা মেপে দেখো। আজ যদি তোমরা নিজেদের হিসাব নিজেরা নিতে পারো, তবে আগামীকালের হিসাব তোমাদের জন্য সহজ হয়ে যাবে।"

— (তিরমিযী, কিয়ামত অধ্যায়; কিতাবুয যুহদ, ইমাম আহমদ)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

